পবিপ্রবিতে ২০২৩-২৪ শিক্ষাবর্ষে ভর্তি শুরু, ডোপ টেস্ট বাধ্যতামূলক

written by Chandradip News24 | December 11, 2024

পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (পবিপ্রবি) ২০২৩-২৪ শিক্ষাবর্ষের ভর্তি কার্যক্রম শুরু হয়েছে। এবার, বিশ্ববিদ্যালয়ে প্রথমবারের মতো ডোপ টেস্ট চালু করা হয়েছে। এই পরীক্ষার মাধ্যমে মাদকাসক্তি সম্পর্কিত তথ্য যাচাই করা হবে, যা নতুন শিক্ষার্থীদের জন্য বাধ্যতামূলক করা হয়েছে।

মঙ্গলবার (১০ ডিসেম্বর) বেলা ১১টায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় অডিটরিয়ামে ভর্তি কার্যক্রমের দ্বিতীয় দিন শুরু হয়। এ কার্যক্রমে ডোপ টেস্টের মাধ্যমে শিক্ষার্থীদের মাদক গ্রহণের বিষয়ে পরীক্ষা করা হচ্ছে। বিশ্ববিদ্যালয়ের মেডিকেল সেন্টারের চিকিৎসক, কর্মকর্তা ও কর্মচারীরা এই পরীক্ষায় সহায়তা করছেন।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. কাজী রফিকুল ইসলাম বেলা ১২টার দিকে ভর্তি কার্যক্রম পরিদর্শন করেন। এ সময় বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. এসএম হেমায়েত জাহান, ট্রেজারার অধ্যাপক মো. আব্দুল লতিফ এবং অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. এসএম হেমায়েত জাহান জানান, ভর্তি কার্যক্রম মোট সাতটি স্তরে সম্পন্ন হচ্ছে। এর মধ্যে শিক্ষার্থীদের রক্ত পরীক্ষা, ডোপ টেস্ট, স্বাক্ষর যাচাই, তথ্য যাচাই, রেজিস্ট্রেশন প্রদান, ভর্তি ফি গ্রহণ, চূড়ান্ত রেজিস্ট্রেশন যাচাই, হল সংযুক্তি প্রদান এবং হলের আসন বণ্টনের আবেদন গ্রহণ করা হচ্ছে।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. কাজী রফিকুল ইসলাম বলেন, “ডোপ টেস্টে চারটি ক্যাটাগরি অন্তর্ভুক্ত রয়েছে, যার মধ্যে রয়েছে স্লিপিং পিল, মারিজুয়ানা (গাঁজা), ইয়াবা এবং আফিম। চিকিৎসকের পরামর্শ অনুযায়ী স্লিপিং পিল গ্রহণ করলে তা গ্রহণযোগ্য হবে, তবে অতিরিক্ত পরিমাণে গ্রহণ করা হলে তা কাউন্সেলিংয়ের জন্য পরবর্তী ব্যবস্থা নেওয়া হবে।”

নতুন ভর্তি হওয়া কৃষি অনুষদের শিক্ষার্থী সাব্বির বলেন, “ভর্তি কার্যক্রমে কোনো ধরনের ভোগান্তি হয়নি, সবকিছু খুবই ভালোভাবে সম্পন্ন হয়েছে।”

মো: আল-আমিন
স্টাফ করেসপন্ডেন্ট, চন্দ্রদ্বীপ নিউজ ২৪ ডট কম